গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত জানুয়ারি, ২০২৪-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | ১৬ জানুয়ারি ২০২৪ |
| সভার সময় | বেলা ১১.১৫টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | ‘পরিশিষ্ট-ক’ |

সভাপতি উপস্থিত সকলকে নতুন বছরের সভায় শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাকে জানানো হয়, জনাব মোস্তাকিম বিল্লাহ ফারুকী, মহাপরিচালক (গ্রেড-১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক হিসেবে যোগদান করেছেন। এছাড়া জনাব মোজাম্মেল হক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপসচিব হিসেবে যোগদান করেছেন। সভাপতি নবযোগদানকারী কর্মকর্তাগণকে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। নবযোগদানকারী কর্মকর্তাগণ সভায় তাঁদের নিজ নিজ পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। সভাপতি তাঁদেরকে এ বিভাগে স্বাগত জানান এবং অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করার জন্য অনুরোধ করেন। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.০ | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ** : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, ডিসেম্বর, ২০২৩-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | ১)ডিসেম্বর, ২০২৩ এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। |
| ২.১ | **কোভিড-১৯ ও ডেঙ্গুরোগ প্রতিরোধ** : সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে ১৭০১ জন কর্মচারী করোনাভাইরাসে আক্রান্ত হয়। এর মধ্যে ১৬৯৩ জন সুস্থ হয়েছে। ৮ জন কর্মচারী মৃত্যুবরণ করেছেন। বর্তমানে করোনাভাইরাসে আক্রান্ত কোন কর্মচারী নেই। এ ছাড়া ডেঙ্গুরোগ প্রতিরোধে কর্মস্থলের আশে-পাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে। | ১) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীকে কোভিড-১৯ ও ডেঙ্গুরোগ প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.২ | **সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে শূন্যপদ পূরণ :** উপসচিব (প্রশাসন-৩ শাখা) সভাকে জানান, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা | ১) এ বিভাগ ও আওতাধীন |

নিম্নরূপ :

**কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :**

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | অনুমোদিত পদ | কর্মরত | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | সুরক্ষা সেবা বিভাগ | ২৭৭ | ২৩৭ | ৪০ | -- |
| ২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৩০৫৯ | ১৮৬৫ | ১২০৫ | (১১ জন অতিরিক্ত কর্মরত) (নার্সিং সুপারভাইজার পদে ২ জন, উচ্চমান সহকারী ১ জন, নমুনা সংগ্রহকারী ১ জন, টেবুলেটর ১ জন, নিরাপত্তা প্রহরী ৬ জন কর্মরত, কিন্তু পদগুলোতে যারা কর্মরত তাদের পদোন্নতি, পিআরএল বা কোন কারণে শূন্য হলেই বিলুপ্ত হবে।) |
| ৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১৪৪৬৮ | ১৩৮৬২ | ৬০৬ | -- |
| ৪ | কারা অধিদপ্তর | ১২২৩৮ | ১০৮২৩ | ১৪১৫ | -- |
| ৫ | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১৫৩০ | ১১৮৫ | ৩১৬ | পদোন্নতিজনিত কারণে সুপারিনটেনডেন্ট-৬, অবসরজনিত কারণে দপ্তরী-২২টি, ফরাস-১টি মোট ২৯টি পদ বিলুপ্ত । |
| মোট | | ৩১৫৭২ | ২৭৯৭২ | ৩৫৮২ | -- |

**শূন্যপদের বিন্যাস :**

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদসংখ্যা) | ১ম-৯ম গ্রেড | ১০ম গ্রেড | ১১-১৬ গ্রেড | ১৭-২০ গ্রেড | মোট |
|---|---|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৭ | ৪ | ৩ | ৬ | ৪০ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৭৩ | ১৪০ | ৬৯ | ৩৪ | ৩১৬ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২০১ | ১৪৪ | ৭৫২ | ১০৮ | ১২০৫ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১০ | ৫ | ৫২৩ | ৬৮ | ৬০৬ |
| কারা অধিদপ্তর | ৪৭ | ৭৪ | ৫০৩ | ৭৯১ | ১৪১৫ |
| মোট | ৩৫৮ | ৩৬৭ | ১৮৫০ | ১০০৭ | ৩৫৮২ |

**ক) সুরক্ষা সেবা বিভাগ :** যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা সভাকে জানান, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের গুরুত্বপূর্ণ শূন্যপদসমূহ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের (বিপিএসসি) সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়াও বিপিএসসি হতে সুপারিশপ্রাপ্ত ২ (দুই) জন প্রশাসনিক কর্মকর্তার পুলিশ ভেরিফিকেশন সম্পন্নের জন্য ৩ ডিসেম্বর ২০২৩ তারিখে নিরাপত্তা-৩ শাখাকে অনুরোধ জানানো হয়েছে। অদ্যাবধি এ সংক্রান্ত তথ্যাদি নিরাপত্তা-৩ শাখা হতে পাওয়া যায়নি। ১৩-২০ গ্রেডের নব নিয়োগপ্রাপ্ত ২৮ জনের মধ্যে ২৭ জন ৩ ডিসেম্বর ২০২৩ তারিখে এ বিভাগে যোগদান করেন। তন্মধ্যে জনাব মোঃ আনছারুল হক, অফিস সহায়ক ১০ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে চাকরি হতে অব্যাহতির জন্য আবেদনপত্র দাখিল করেছেন।

সভাকে জানানো হয়, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ গঠনের জন্য ৭ (সাত) টি ক্যাডার পদ এবং ১৮ (আটার)টি নন-ক্যাডার পদ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় অনুমোদিত হয়েছে। ৭ (সাত)টি ক্যাডার পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন

অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;

২)বিপিএসসির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ দ্রুত পূরণের জন্য পিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৩)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও কারা অধিদপ্তরের জন্য PSC হতে সুপারিশ প্রাপ্ত পদসমূহের নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। নিয়োগের কার্যক্রম সম্পাদনের অগ্রগতি সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান প্রত্যেক মাসিক সভায় প্রতিবেদন আকারে উপস্থাপন করবেন।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান**

মন্ত্রণালয় হতে সরকারি আদেশ (জিও) জারির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় পত্র প্রেরণ করা হয়েছে। অপরদিকে ১৮ (আটার)টি নন-ক্যাডার পদ সৃজনের জন্য এ বিভাগ হতে সরকারি পত্র (জিও) জারি করে পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

সভাকে যুগ্মসচিব (প্রশাসন) আরো জানান, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে ৪১তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ নন ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৬ জন, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৩১ জন এবং কারা অধিদপ্তরের অনুকূলে ১২ জন সর্বমোট ৪৯ জনকে পদায়ন করা হয়েছে।

**খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** ১ম-৯ম গ্রেড : বিপিএসসি হতে ১৮ জন সহকারী পরিচালকের পদ, ৯ জন রিহেবিলিটেশন অফিসারের পদ, ৮ জন সহকারী রাসায়নিক পরীক্ষকের পদ, ৮ জন সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কারের পদ, ২ জন হিসাবরক্ষকের পদ এবং ১ জন আইন কর্মকর্তার মোট ৭ ক্যাটাগরির ৪৬ জনকে নিয়োগের সুপারিশ করা হয়েছে। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানান, পদায়নের পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে ।

**১০ম গ্রেড :** পিএসসি হতে প্রসিকিউটর পদে ২৫ জন, কাউন্সিলর পদে ১৫ জন এবং মেট্রোন (জুনিয়র) পদে ১ জনসহ মোট ৪১ জনকে নন-ক্যাডার পদে সুপারিশ করা হয়েছে।

**১১-১৭তম গ্রেড :** ল্যাব সহকারী পদে ১৫ জনকে নির্বাচিত করা হয়েছে। সিপাই এর ৩১৩টি পদে শারীরিক পরীক্ষা ও লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে। লিখিত পরীক্ষার ফলাফল ২৬ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে। মৌখিক পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান আছে।

**১৮-২০ গ্রেড :** ল্যাব সহকারী'র ১৮টি পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ২ নভেম্বর ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে। সুপারিশপ্রাপ্তদের প্রাক নিয়োগ চরিত্র যাচাইয়ের নিমিত্ত পুলিশ প্রত্যয়ন/প্রতিবেদনের কার্যক্রম চলমান আছে।

**গ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর : ২য়-৯ম গ্রেড :** পরিচালকের ১টি, প্রোগ্রামারের-১টি, অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৬টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-৩টিসহ ১১টি শূন্যপদে নিয়োগের প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে।

**ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : ১০ম গ্রেড ও তদুর্দ্ধ** : পিএসসি'তে ২৪১টি (স্টাফ অফিসার-১৭, স্টেশন অফিসার-২২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের প্রস্তাব পিএসসিতে প্রেরণ করা হয়েছে। নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

**ঙ) কারা অধিদপ্তর : (ক) ১০ম গ্রেড :** পিএসসি হতে ২ জন ডিপ্লোমা নার্স নিয়োগের সুপারিশ পাওয়া গেছে। এছাড়া ৫৫টি ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**গ) ১১-১৬ গ্রেড :** ডেপুটি জেলার ও মহিলা ডেপুটি জেলারের ৩০টি পদ ৪০তম বিসিএস এবং ১২টি পদ ৪১তম বিসিএস হতে সুপারিশ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ক্যাটাগরির ১১৭টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া গিয়েছে। নিয়োগ কার্যক্রম এখনো শুরু হয়নি।
**ঘ) ১৭-২০ গ্রেড :** কারারক্ষী পদে ৩৫৫টি এবং মহিলা কারারক্ষী পদে ১৪টি শূন্যপদের নিযোগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আরো ৩৮টি শূন্যপদের ছাড়পত্র পাওয়া গিয়েছে। নিয়োগের কার্যক্রম চলমান আছে।

<table>
<tr>
<td>২.৩</td>
<td><u>জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন :</u> উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জেলাপ্রশাসক সম্মেলন-২০২৩ এ বিভাগ সংশ্লিষ্ট ১০টি সিদ্ধান্ত রয়েছে। এর মধ্যে ১টি নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ, ১টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৩টি কারা অধিদপ্তর এবং ৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট। জেলাপ্রশাসক সম্মেলন, ২০১৮-২০২২ এ ২টি মধ্যমেয়াদি ও ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে। এর মধ্যে ২টি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ১টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং ২টি কারা অধিদপ্তর সংশ্লিষ্ট। সভায় জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়।</td>
<td>১) জেলা প্রশাসক সম্মেলন, ২০১৮-২০২৩ এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় সুনির্দিষ্ট তথ্য সহকারে প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)</td>
</tr>
<tr>
<td>২.৪</td>
<td><u>ক্রয় ব্যবস্থাপনা :</u>
<table>
<tr><th>ক্রম</th><th>অধিদপ্তরের নাম</th><th>ই-জিপিতে আবেদনকৃত টেন্ডারের বিবরণ</th><th>ই-জিপি ব্যতিত টেন্ডারের বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>ডিআইপি</td><td>--</td><td>--</td><td>ডিসেম্বর, ২০২৩ এ ই-জিপিতে কোন পণ্যের টেন্ডার আহ্বান করা হয়নি।</td></tr>
<tr><td>২</td><td>ডিএনসি</td><td>--</td><td>--</td><td>ডিসেম্বর, ২০২৩ এ কোন টেন্ডার আহ্বান করা হয়নি। উল্লেখ্য যে বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ই-জিপিতে সম্পাদন করা হচ্ছে।</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>১.টিসি কমবেট কাপড়,<br>২.ডীপ সাইন,<br>৩. ডিএমএস বুট,<br>৪. পিটি স্যু,<br>৫.স্টিল ট্রাংক,<br>৬.হ্যাগিং ব্যাজ (জীপ সাইন),<br>৭. Rescue Badge and Rang Badge Cloth (As per Designation),<br>৮. মশারী,<br>৯.স্যু ব্রাশ (কালো),<br>১০ স্যু-পালিশ (কালো)</td><td>--</td><td>আহ্বানকৃত ৪টি দরপত্রের মধ্যে ইতোমধ্যে ২টির NOA জারি করা হয়েছে। অপর ২টি দরপত্র ১০ ডিসেম্বর ২০২৩ তারিখে উন্মুক্ত করা হয়েছে যার মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।</td></tr>
<tr><td>৪</td><td>প্রিজন</td><td>২৮টি প্যাকেজের দরপত্র ই-জিপি'র মাধ্যমে আহ্বান করা হয়েছে।</td><td>--</td><td>ডিসেম্বর, ২০২৩ এ আহ্বানকৃত ৩টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজের মূল্যায়ন প্রক্রিয়াধীন আছে।</td></tr>
</table>
</td>
<td>১)পিপিআর ২০০৮ যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>২)আওতাধীন অধিদপ্তরসমূহে বিবেচ্য মাসে অনলাইন এবং অফলাইনে আহ্বানকৃত টেন্ডারসমূহের তালিকা এবং এর বিপরীতে সংগ্রহ/ক্রয়কৃত পণ্য/সেবা/ওয়ার্কস (কাজ) বিবরণ প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>৩) সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.৫ | **<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি</u>** : সভাকে জানানো হয়, ২০২৩-২০২৪ অর্থবছরে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মোট সূচক ১৩৯টি । এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ৪৩টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর- ১৭টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-৩০টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-২৭টি ও কারা অধিদপ্তর-২২টি। এর মধ্যে বাস্তবায়িত সূচক সুরক্ষা সেবা বিভাগ-১৩টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর-১০টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-১০টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-১২টি, কারা অধিদপ্তর-৮টি সর্বমোট ৫৩টি। মোট বাস্তবায়নের হার ৩৮.১২%। সভায় এ বিভাগের অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) ও এপিএ টিম লিডার আরো জানান, প্রতি ২ (দুই) মাস অন্তর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা হয়ে থাকে। | ১) সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম লিডার প্রত্যেক মাসে অধিদপ্তরের ফোকাল পয়েন্টদের নিয়ে সভা করবেন এবং কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণ করবেন।<br><br>২) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর সংশ্লিষ্ট সূচকসমূহ অর্জনে প্রতিমাসে অধিদপ্তর প্রধানগণ সভা করবেন এবং অনুলিপি এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগে দিতে হবে।<br><br>৩)এপিএ সূচক বাস্তবায়নের অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্তৃক প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>৪)মাঠপর্যায়ের কর্মকর্তাগণকে বাৎসরিক কর্মসম্পাদন চুক্তির সূচক অর্জনের জন্য সময়ে সময়ে সভা/প্রশিক্ষণ ইত্যাদি প্রদান করতে হবে এবং মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

<table>
<tr>
<td>২.৬</td>
<td><u>শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন</u> : ২০২৩-২০২৪ অর্থবছরে এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের মোট সূচক-৮১টি। এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট-১৬টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর- ১৬টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-১৬টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-১৭টি ও কারা অধিদপ্তর-১৬টি। এর মধ্যে বাস্তবায়িত সুরক্ষা সেবা বিভাগ-৪টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর-১টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-১টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-২টি, কারা অধিদপ্তর-১টি সর্বমোট ৯টি। মোট বাস্তবায়নের হার ১১.১১%। প্রতি ২ (দুই) মাস অন্তর শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিষয়ে সভা হয়ে থাকে।</td>
<td>১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে।<br><br>২)ফোকাল পয়েন্ট কর্মকর্তা সূচক বাস্তবায়নের অগ্রগতি প্রতিমাসের ৩ (তিন) তারিখের মধ্যে লিখিতভাবে সফটকপি এবং হার্ডকপি ই-নথিতে প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.৭</td>
<td><u>অডিট আপত্তি :</u> জনাব ফারজানা সিদ্দিকা, উপসচিব (বাজেট-২) সভাকে জানান, অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ৫ ডিসেম্বর ২০২৩ তারিখে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।<br><br>
<table>
<tr><th>বিভাগ/সংস্থার নাম</th><th>মোট অডিট আপত্তির সংখ্যা</th><th>জবাব প্রদানের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>১০৫টি<br>(NSFI: ৩৯<br>ও SFI ৬৬)</td><td>৬৩</td><td>৩৯</td><td>৬৬<br>NSFI-১৬<br>SFI-৫০</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৫১৬</td><td>৪৮৯</td><td>৩০০</td><td>২১৬</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৫৮টি<br><br>(১৭-১৮=১২<br>১৮-১৯=১৩<br>২০-২১=১৭<br>২১-২২=১৬)</td><td>৫৮</td><td>১১<br>(১৮-১৯=০৩)<br>(২০-২১=০৮)</td><td>৪৭<br>(১২<br>১০<br>০৯<br>১৬)</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১৮</td><td>১০</td><td>৩</td><td>১৮</td></tr>
</table>
</td>
<td>১) যেসকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব জরুরিভিত্তিতে প্রদান করতে হবে;<br><br>২)দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities (SFI) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.৮ | **পেনশন :** সভাকে জানানো হয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ২টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পেনশন কেস ২টি আদালতে মামলা থাকার কারণে নিষ্পত্তি হচ্ছে না। কারা অধিদপ্তরের ১টি পেনশন কেস মামলা সংক্রান্ত জটিলতার কারণে নিষ্পত্তি করা যাচ্ছে না। | ১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.৯ | **জেলা পরিদর্শন :** সভাকে জানানো হয়, বিবেচ্য সময়ে এ বিভাগের আওতাধীন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক, কারা অধিদপ্তরের মহাপরিচালক জেলা পরিদর্শন করেন। | ১) প্রত্যেক মাসে এ বিভাগের কর্মকর্তাগণ ও আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকগণকে নিয়মিত উন্নয়ন প্রকল্পসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২) এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন কার্যক্রম চলমান থাকবে। পরিদর্শন শেষে ৭ (সাত) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর দাখিল করতে হবে;<br><br>৩)পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা নিতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)।** |

| | | |
|---|---|---|
| ২.১০ | **অনিষ্পন্ন বিষয়াদি :** সভাকে জানানো হয়, এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১১ | **প্রশিক্ষণ :** সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়ে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মচারীগণের চাহিদা মোতাবেক Need Based প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। | ১) ১০ম গ্রেডে হতে ২০তম গ্রেডের প্রশিক্ষণ প্রদানের অগ্রগতি আরো বৃদ্ধি করতে হবে।<br><br>২) জনপ্রশাসন মন্ত্রণালয় প্রদত্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মচারীদের Need Based প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১২ | **ওয়েবসাইট হালনাগাদকরণ** : সভাকে জানানো হয়, ডিসেম্বর-২০২৩ এ সুরক্ষা সেবা বিভাগের ৩১৬টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ১১টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০৪টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৮৬টি, কারা অধিদপ্তরের ১১৭টি তথ্য এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড/আপডেট করা হয়। | ১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের ওয়েবসাইট তথ্য আপডেট ও আপলোড যথাযথভাবে হালনাগাদ রাখতে হবে।<br><br>২)এ বিভাগের সিস্টেম এনালিস্টকে ওয়েবসাইটে তথ্য যথাসময়ে আপলোড ও আপডেট অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

<table>
<tr>
<td>২.১৩</td>
<td>
<u>ই-নথি</u> : সভায় ই-নথির মাধ্যমে পত্র নিষ্পত্তির কার্যক্রম বিষয়ে বিশদ আলোচনা করা হয়। সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ এবং বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ই-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে।
<table>
<tr><th>বিভাগ/ অধিদপ্তর</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>এসএসডি</td><td>১৭৭</td><td>১৬৪১</td><td>১৮১৮</td><td>৯.৭৪%</td><td>৯০.২৬%</td><td rowspan="5"></td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>২৫</td><td>২৯২</td><td>৩১৭</td><td>৭.৮৯%</td><td>৯২.১১%</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৪৩</td><td>৪৯৩</td><td>৫৩৬</td><td>৮%</td><td>৯২%</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৩৬</td><td>৫৪৩</td><td>৫৮৯</td><td>৬.২২%</td><td>৯৩.৭৮%</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১৬</td><td>৩৪৩</td><td>৩৫৯</td><td>৪.৪৬%</td><td>৯৫.৫৪%</td></tr>
</table>
</td>
<td>১)ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২) ই-নথির নিষ্পত্তির হার কোনভাবেই এপিএ-এর লক্ষ্যমাত্রার নীচে না আসে সেদিকে সতর্ক থাকতে হবে;<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>২.১৪</td>
<td>
<u>ইনোভেশন</u> : সভাকে জানানো হয় এ বিভাগে ও আওতাধীন অধিদপ্তরসমূহে নিম্নরূপ উদ্ভাবনী ধারণা উপস্থাপন করা হয় :
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>উদ্ভাবনী ধারণা</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
<tr><td>এসএসডি</td><td>Prison Inmate Database System ব্যবহার করে বিভিন্ন দিবসে বন্দি মুক্তির সুপারিশ প্রণয়ন</td><td>ইতোমধ্যে কার্যক্রমটি বাস্তবায়নের নিমিত্ত কারা অনুবিভাগ প্রধানের সভাপতিত্বে ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। সর্বশেষ সভার (১৫/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত) সিদ্ধান্ত মোতাবেক ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে NTMC কর্তৃক সুরক্ষা সেবা বিভাগকে PIDS ডাটাবেজের তথ্য ব্যবহার করে বন্দি মুক্তির সুপারিশ প্রণয়নের জন্য প্রয়োজনীয় এক্সেস ও ডিভাইস স্থাপনের কার্য সম্পন্ন করা হবে। বাস্তবায়ন কার্যক্রম ২০%</td></tr>
<tr><td>প্রিজন</td><td>Digital Store Management System</td><td>সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম ৬০% সম্পন্ন।</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>Fire and Rescue Apps</td><td>App Development এর কাজ ৮০% সম্পন্ন।</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>পণ্য খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ</td><td>My Gov Platform-এ আবেদনকারীদের জন্য ফরম বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে। আগামী ২১ জানুয়ারি ২০২৪ তারিখে ডিএনসি প্রধান কার্যালয়ে প্রশিক্ষন ও নিরীক্ষার আয়োজন করা হয়েছে। বাস্তবায়ন কার্যক্রম ৬৫%</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>Visa Application Tracking Management Software</td><td>কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান (একটি সফটওয়্যার নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারটি বাস্তবায়নের কার্যক্রম চলছে)। বাস্তবায়ন কার্যক্রম- ৫০%</td></tr>
</table>
</td>
<td>১)মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত নির্দেশনানুসারে ইনোভেশনে বর্ণিত সূচকের মান অর্জনে নির্ধারিত সূচক অগ্রগতি পর্যালোচনাপূর্বক পরবর্তী করণীয় নির্ধারণ করতে নির্ধারিত সময় অন্তর অন্তর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : চীফ ইনোভেশন অফিসার ও এ বিভাগের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.১৫ | <u>**ভিডিও কনফারেন্স**</u> : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল সভায় জানান, বিবেচ্য মাসে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে মোট ২৪টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। এ কার্যক্রম অব্যাহত আছে। | ১) এ বিভাগের অধীন অধিদপ্তর/ জেলা/বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নকারী : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল।** |

| | | |
|---|---|---|
| ২.১৬ | **বিভাগীয় ও দেওয়ানী মামলা** : ১) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৪৯৪টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ২৩টি, মোট মামলার সংখ্যা ৫১৭টি। এর মধ্যে ২৫টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৪৯২টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>২) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে বিভাগীয় আপিল মামলার সংখ্যা ২টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ০টি, মোট আপিল মামলার সংখ্যা ২টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ০টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ২টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এএটি/এটি মামলার সংখ্যা এটি-১২৬টি ও এএটি-৫৫টি।<br><br>৩) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৬১টি, রিট-৩১৬টি, সিভিল রিভিশন-১১টি, দেওয়ানি-০টি,ফৌজদারি-০টি। | ১)চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে তৎপরতা অব্যাহত রাখতে হবে।<br><br>৪)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের মামলা কার্যতালিকায় (কজলিস্ট) অন্তর্ভুক্ত করার বিষয়ে এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অধিদপ্তরের প্যানেল আইনজীবীকে সর্বদা তৎপর থাকতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৭ | **বিবিধ** : সভাকে জানানো হয় যে, বর্তমান সরকারের ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে প্রথম মন্ত্রিসভা বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রী কতিপয় দিক-নির্দেশনা প্রদান করেন। এর মধ্যে যে সকল নিদের্শনা সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট সেগুলোর বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় :<br><br>১। নির্বাচনী ইশতেহার অনুযায়ী উন্নয়নের ধারা অব্যাহত রেখে জনগণের প্রত্যাশা পূরণ করতে হবে।<br><br>২। নির্বাচনী ইশতেহার অনুযায়ী কী কী করণীয় তা সুনির্দিষ্টভাবে পরিকল্পনা করে বাস্তবায়ন করতে হবে। | ১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রথম মন্ত্রিসভা বৈঠকের গৃহীত দিক-নির্দেশনাসমূহের মধ্যে এ বিভাগ ও অধীন অধিদপ্তর সংশ্লিষ্ট দিক-নির্দেশনাসমূহের বাস্তবায়ন বিষয়ে এখনই প্রয়োজনীয় |

| | | |
|---|---|---|
| | ৩। প্রবৃদ্ধি যা হবে, মূল্যস্ফীতি যেন তার চেয়ে কম হয় সেদিক বিবেচনা করে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>৪। প্রতিটি মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাগুলোতে যেন অর্থের কোনোরূপ অপচয় না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।<br>৫। মিতব্যয়ী হয়ে যথাযথ লক্ষ্য নিয়ে চলতে হবে। যেখানে খুব বেশি প্রয়োজন নেই, সেখানে অহেতুক খরচ আমরা করব না। হিসেব করে করে চলতে হবে।<br>৬। রমজান হলো সংযমের মাস। তাই এই সময়ে বিভিন্ন প্রোগ্রামের নাম করে অহেতুক ও অপ্রয়োজনীয় খরচ যাতে না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে।<br>৭। বিভিন্ন মন্ত্রণালয়ে বাজেট প্রণয়ন, এডিপি প্রণয়ন, উন্নয়ন পরিকল্পনা, ৫ম-বার্ষিকী প্রণয়নের সময় নির্বাচনী ইশতেহারের বিষয়গুলো পর্যায়ক্রমে ও গুরুত্ব অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।<br>৮। সরকার পরিচালনায় প্রতিটি মন্ত্রণালয় ও দপ্তরগুলোতে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। সরকারি আয়-ব্যয় এবং ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা-জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। এটি ছাড়া টেকসই উন্নয়ন কখনোই সম্ভব নয়। কোনো ধরণের দুর্নীতি-অনিয়ম বরদাস্ত করা হবে না। কোনো সম্পদ নিয়ে কবরে যাওয়া যায় না, বদনাম নিয়ে যাওয়া যায়। আর্থিক শৃংখলা বজায় রাখতে হবে।<br>৯। উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করার সময় এমনভাবে হিসেব যাচাই-বাছাই করতে হবে যে, কত টাকা খরচ করার পর দেশ ও জনগণ কত লাভবান হবে। এবং বিনিময়ে কী রিটার্ন আসবে।<br>১০। অর্থনৈতিক মন্দার কারনে কিছু প্রকল্প ধীরগতি বা বন্ধ ছিল। কিছু প্রকল্প আছে যা অল্প টাকা হলেই প্রকল্প শেষ করা যাবে, সেগুলো কেস-টু-কেস ভিত্তিতে দ্রুত শেষ করতে হবে।<br>১১। যেসকল মন্ত্রণালয়, দপ্তর, হাসপাতাল, ট্রেনিং সেন্টারে শূন্যপদ রয়েছে, তা পূরণে দ্রুত নিয়োগ দিতে হবে।<br>১২। ২০২৬ সাল হতে বাংলাদেশ উন্নয়নশীল দেশে পদার্পণ করবে। এতে কিকি সমস্যা বা চ্যালেঞ্জ রয়েছে তা দেখে প্রতিটি মন্ত্রণালয় প্রস্তুতি নিতে হবে।<br>১৩। নারীর ক্ষমতায়নের দিকে সবাইকে দৃষ্টি দিতে হবে। সকল বাহিনী প্রতিষ্ঠানে নারী সদস্যকে মূল্যায়ন করতে হবে। তাদের জন্য আলাদা টয়লেট/ওয়াশরুম ব্যবস্থার সর্বোচ্চ চেষ্টা করতে হবে।<br>১৪। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ডিভাইস ব্যবহারে সবাইকে উৎসাহিত করতে হবে। প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>১৫। যুব সমাজকে মাদকের হাত থেকে রক্ষা করতে হবে। শুধু আইন প্রণয়ন করেই তা সম্ভব নয়। সচেতনতা বৃদ্ধি, খেলাধুলা, শিল্প-সংস্কৃতির চর্চা, ধর্মীয় অনুশাসন ইত্যাদির মাধ্যমে তা করতে হবে।<br>**নির্বাচনী ইশতেহার ২০২৪ (স্মার্ট বাংলাদেশ-উন্নয়ন দৃশ্যমান বাড়বে এবার কর্মসংস্থান) :** সরকারের নির্বাচনী ইশতেহারে উল্লিখিত এ বিভাগ সংশ্লিষ্ট নির্দেশনাসমূহের বিপরীতে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে আওতাধীন অধিদপ্তরসমূহের প্রতিনিধি ও অনুবিভাগ হতে একজন করে প্রতিনিধির সমন্বয়ে জরুরিভিত্তিতে সভা করে দ্রুত ব্যবস্থা গ্রহণের বিষয়েও আলোচনা করা হয়। | পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২)সরকারের নির্বাচনী ইশতেহার (স্মার্ট বাংলাদেশ- উন্নয়ন দৃশ্যমান বাড়বে এবার কর্মসংস্থান) এ উল্লিখিত এ বিভাগ সংশ্লিষ্ট নির্দেশনাসমূহের বিপরীতে করণীয় সম্পর্কে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে আওতাধীন অধিদপ্তরসমূহের প্রতিনিধি ও অনুবিভাগ হতে একজন করে প্রতিনিধির সমন্বয়ে জরুরিভিত্তিতে সভা করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| | **২।** সভাকে জানানো হয়, এ বিভাগে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতকরণে শাখা/অধিশাখা/অধিদপ্তর হতে প্রতিমাসের ৭ (সাত) তারিখের মধ্যে তথ্য প্রেরণ করা হয় এবং কোন দপ্তর/সংস্থা হতে কত তারিখের মধ্যে তথ্য পাওয়া গিয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করা হচ্ছে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত তথ্যাদির বিষয়ে মন্তব্য কলামে দেখানো হয়। | ১) প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে গত মাসের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ কোন আলোচ্যসূচি থাকলে সফটকপি (পিডিএফ ও ওয়ার্ড ফরম্যাটে)-এ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।<br><br>২) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন কোন দপ্তর হতে কত তারিখে প্রেরণ করা হয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| | **৩। মাননীয় প্রধানমন্ত্রীর পরিদর্শন :** নতুন সরকারের মেয়াদের শুরুতে মাননীয় প্রধানমন্ত্রী যদি এ বিভাগ পরিদর্শন করতে পারেন। এ পরিদর্শন উপলক্ষ্যে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতি গ্রহণের বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করেন। | ১) মাননীয় প্রধানমন্ত্রীর সম্ভাব্য পরিদর্শন উপলক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সতর্কতা ও পূর্বপ্রস্তুতি গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন কোন হয়রানি কিংবা ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভাপতি ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের জন্য নিজেদেরকে পূর্ণাঙ্গরূপে প্রস্তুত করতঃ গণমুখী প্রশাসন নিশ্চিত করতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.১৫৩ তারিখ: ১৭ মাঘ ১৪৩০

৩১ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়



মুহাম্মদ শহিদ উল্লাহ

উপসচিব